দৈনিক বাংলা

তারিখ ১১.১১.৬৮
পৃষ্ঠা ... কলাম ...

020

# আজ থেকে ঢাকায় প্রাথমিক শিক্ষক ধর্মঘট

প্রাথমিক বিদ্যালয়গুলিকে আবার পৌর কর্পোরেশনের হাতে ন্যস্ত করার আদেশ বাতিলের দাবীতে ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ আজ শনিবার হতে ধর্মঘট শুরু করবেন। আদেশ প্রত্যাহার না হলে আগামী ২৭শে ও ২৮শে নবেম্বর দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ধর্মঘট পালন করবেন। এ উপলক্ষে আগামী ২৮শে নবেম্বর সকাল ১০টায় ঢাকার বায়তুল মোকাররম প্রাঙ্গণে প্রাথমিক শিক্ষকদের এক সমাবেশ ও বিক্ষোভ অনুষ্ঠিত হবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।